

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
সাতক্ষীরা  
www.ecs.gov.bd

স্মারক নং- ১৭.০৫.০০০.৮৭০০.৩২.০০৩.১২.২১৫

তারিখ : ৩০ এপ্রিল ২০১৯

বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার ১১ এপ্রিল ২০১৯ তারিখের নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২১৮ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০১৯ উপলক্ষে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (কার্যক্রম চলাকালীন সময়ের জন্য) প্যানেল প্রস্তুতের লক্ষ্যে সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	স্নাতক (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)।	ছবিসহ ভোটার তালিকার কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।	
২	টিম লিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)।		
৩	প্রফ রিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)।		
৪	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)।		
৫	ডাটা এন্ট্রি হেলপার	এস.এস.সি		

শর্তাবলী :

- আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর উল্লেখপূর্বক আবেদনপত্র জেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা বরাবরে আগামী ৭ মে ২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে সদয় তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে আবেদনপত্রে তার নিজ নামের ব্যাংকের হিসাবের নাম, নম্বর ও ব্যাংকের শাখার নাম উল্লেখ করতে হবে।
- যে পদের জন্য আবেদন করা হয়েছে খামের উপর সে পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯ মে ২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে (ব্যবহারিক পরীক্ষা অত্র ফন্টে হবে)।
- আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র অফেরতযোগ্য।
- একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদনপত্র দাখিল করলে সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কোন পদের বিপরীতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে কর্তৃপক্ষ অন্য পদের জন্য নির্ধারিত প্যানেল থেকে উক্ত পদের জন্য নিয়োগ প্রদান করতে পারবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা বহন করে না।
- উপরোল্লিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম- ২০১৯ সময়ের জন্য উপজেলা ভিত্তিকনিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/ প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য সম্মানী প্রদান করা হবে।
- আবেদনকারীকে ব্যবহারিক পরীক্ষায় ও সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া বাতিল/পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
(মোঃ নাজমুল করিম)  
জেলা নির্বাচন অফিসার  
সাতক্ষীরা  
ফোন-০৪৭১৬৩৩৫৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- মহা-পরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- জেলা প্রশাসক, সাতক্ষীরা
- আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), সাতক্ষীরা
- উপজেলা নির্বাচন অফিসার ..... (সকল), সাতক্ষীরা
- সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, সাতক্ষীরা
- নোটিশ বোর্ড